মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৯/০৮/২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ : ২৯-০৮-২০২১ খ্রিঃ।
সময় : ১০.৩০ ঘটিকা।
স্থান : মবক'র সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) চেয়ারম্যান ও সদস্য মহোদয়গণের সহযোগিতায় বন্দরের কাজ এগিয়ে নেয়ার আশা ব্যক্ত করে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-
১। গত ৩০/০৬/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারির বিষয়ে মবক'র পত্র নং ৭৬৬ তাং-০৮/০৬/২১ খ্রিঃ এর মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন সিদ্ধান্ত পাওয়া যায় নি। | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| | | খ)২০১৮-১৯ ও ২০১৯-২০ সনের উত্থাপিত ৭০টি আপত্তির মধ্যে ৩৪টি আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ৩০/০৬/২১ খ্রি: তারিখে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠানের পর পত্র নং -১১৩৪ তাং-০৮/০৮/২১ খ্রিঃ এর মাধ্যমে ১৭টি আপত্তির জবাব প্রেরণ করা হয়েছে এবং অবশিষ্ট ১৯টি আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত প্রক্রিয়াধীন। | খ) ২০১৮-২০১৯ ও ২০২১৯-২০২০ সনের উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | |
| | | গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত আছে। | গ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | ঘ) ২০১৮-১৯ ও ২০১৯-২০ সনের সার্বিক কার্যক্রমের উপর পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা কর্তৃক উত্থাপিত ৭০টি আপত্তির মধ্যে জনাব এস,এম মাইদুল ইসলাম সম্পর্কে নিরীক্ষা আপত্তিতে উল্লেখ করা হয়েছে যে, "উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদ না থাকা সত্ত্বেও পদোন্নতি প্রদানজনিত অনিয়ম" সংক্রান্ত আপত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা হয়। আলোচনায় অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তার বর্তমান বেতন স্কেলের বেতন ভাতাদি স্থগিত রাখা হবে। পরবর্তীতে অডিট আপত্তি নিষ্পত্তি হলে নিয়ম অনুযায়ী তার পাওনাদি পরিশোধ করা হবে। | ঘ) উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদের বর্তমান বেতন স্কেলের বেতন ভাতাদি স্থগিত রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান অর্থ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ২. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০ | ক) ১২/০৭/২০২১, ০৪/০৮/২০২১ এবং ২৫/০৮/২০২১ তারিখে মোট ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ২২/০৯/২০২১ তারিখে ৪র্থ সভা অনুষ্ঠিত হবে। ট্রাক টার্মিনাল পরিচালনা নীতিমালা প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে।<br><br>খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | ক) মোংলা পৌরসভার সাথে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে নীতিমালা চূড়ান্ত করতে হবে।<br><br>খ) মোংলা পৌরসভার সাথে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | খুলনা ও মোংলা রেষ্টহাউজ পরিচালনা নীতিমালার খসড়া যাচাই-বাছাই করা হয়েছে। ২৯/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় খুলনা ও মোংলা রেষ্টহাউজ পরিচালনা নীতিমালাটি পাওয়ার পয়েন্টের মাধ্যমে হারবার মাস্টার উপস্থাপন করেন। তদপ্রেক্ষিতে ভিন্ন ভিন্ন অংশে সংশোধনীপূর্বক নীতিমালাটি চূড়ান্তকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | নীতিমালাটি চূড়ান্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও হারবার মাস্টার |
| ৪. | অবৈধ দখলদার উচ্ছেদ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইল কোর্ট পরিচালিত হচ্ছে। করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা হচ্ছে। অবৈধ স্থাপনা/দখলদারদের উচ্ছেদ চলাকালীন সময়ে নির্বাহী ম্যাজিস্ট্রেটকে সম্পত্তি শাখার জনবল প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | অবৈধ স্থাপনা/দখলদার উচ্ছেদকালীন সময়ে বিজ্ঞ ম্যাজিস্ট্রেটকে সম্পত্তি শাখার জনবল প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট |
| ৫. | এপিএ ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১৯-০৮-২০২০ | মবক'র ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র চুক্তি গত ২৭/০৬/২০২১ তারিখে নৌপমের সাথে স্বাক্ষরিত হয়েছে।। চলতি অর্থ বছরের এপিএ অগগ্রতি প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। মন্ত্রণালয়ে মিটিং হওয়ার পূর্বে ডিপুটি চীফ প্লানিং পূর্ব প্রস্তুতি গ্রহণ করবেন। ই-নথি বাস্তবায়নে কোন বিভাগ ৮০% এর নিচে হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল বিভাগকে ই-নথির কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্ধারিত সময়ে এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং সকল বিভাগকে ই-নথির কার্যক্রম গতিশীল করতে হবে। | উপ-পরিকল্পনা প্রধান |
| ৬. | বাসা বরাদ্দ/বাতিল।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২-১০-২০২০ | সাবলেটধারীদের তালিকা সংগ্রহ করা হয়েছে। মোট সাবলেটধারী ৩৬ জনের মধ্যে ইতোমধ্যে ২২ জন বাসা ছেড়ে দিয়েছেন। অবশিষ্ট ১৪ জন সাবলেটধারী বাসা ছেড়ে না দেওয়ায় বরাদ্দগ্রহীতার বরাদ্দ বাতিল করা হয়। পরবর্তীতে বাসা বরাদ্দ বহাল রাখার জন্য তারা আবেদন করেন। তাদের আবেদন বিবেচনার জন্য ১০/০৬/২০২১ তারিখে ০২ (দুই) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। করোনা পরিস্থিতির কারণে এ পর্যন্ত প্রতিবেদন পাওয়া যায় নি।<br>কমিটিকে ০৩ (তিন) দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য গত ২৫/০৮/২০২১ তারিখে স্মারক নং-মবক/ব্য (প্রঃ)/স (ম)/১৪/২২/(৬)/২০২১-১২৭৭ এর মাধ্যমে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | ক) কমিটির প্রতিবেদনের আলোকে সাবলেটধারীদের আগামী ১লা অক্টোবর, ২০২১ থেকে সাবলেট অপসারণের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>খ) বাসা বরাদ্দের সভা দ্রুত আহবান করতে হবে। শুধুমাত্র খালি বাসার বিপরীতে বরাদ্দ প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৭. | আমদানীকারকগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে উৎসাহ প্রদান।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৩-০৩-২০২১ | ক) ইতোমধ্যে গাড়ী আমদানীকারকদের (বারভিডা'র) সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। গত জুলাই ও আগস্ট ২০২১ মাসে কোন সভা অনুষ্ঠিত হয়নি।<br>খ) শেডে/ইয়ার্ডে গাড়িসমূহ দ্রুত ডেলিভারী করার জন্য সভায় আলোচনা হয়। | ক) মোংলা বন্দর ব্যবহারে ব্যবহারকারীদের উৎসাহ প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) শেডে/ইয়ার্ডে রক্ষিত গাড়িসমূহ কাস্টমস বিভাগের সাথে সমন্বয়পূর্বক দ্রুত ডেলিভারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হারবার মাস্টার, পরিচালক (ট্রাফিক) ও প্রধান প্রকৌশলী (যাঃও তঃ) |
| ৮. | মোংলা বন্দরের বিভিন্ন স্থানে স্তুপকৃত ড্রেজিং মাটি অপসারণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৭-০৪-২০২১ | বালি মাটি বিক্রয়ের রেট পুনঃ নির্ধারণের জন্য গঠিত কমিটির নিকট হতে প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রতিবেদনটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। প্রতিবেদনে প্রতি বর্গফুট বালু/মাটির মূল্য ১.৭১ টাকা নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে। বর্তমান রেট প্রতি ঘনফুট ৩.৪০ টাকা। | বিষয়টি বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯. | মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত সংশ্লিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা রাখা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | প্রধান চিকিৎসা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, খুলনা গাজী মেডিকেল কলেজ ও সিটি মেডিকেল কলেজ হাসপাতালের প্রতিনিধি দলের সাথে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। আনুষ্ঠানিক প্রস্তাব পাওয়ার পর সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করা হবে। গাজী মেডিকেল ও সিটি মেডিকেল কলেজ হাসপাতাল হতে আনুষ্ঠানিক প্রস্তাব পাওয়া গেছে যা চেয়ারম্যান মহোদয়ের বরাবর উপস্থাপন করা হয়েছে। | দ্রুততর সময়ের মধ্যে সমঝোতা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ১০. | কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন, ০২টি কম্পিউটার এবং ০৩টি প্রিন্টার সরবরাহ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>৩০-০৫-২০২১ | কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন এবং ০৩টি প্রিন্টার সরবরাহকরণের জন্য নির্বাহী প্রকৌশলী (ই এন্ড ই), যান্ত্রিক ও তড়িৎ বিভাগ, মবক, মোংলা কে অনুরোধ করা হলেও অদ্যাবধি কর্ম শাখায় সরবরাহকরণ করা হয়নি। এলটিএম পদ্ধতিতে টেন্ডারের অনুমোদন পাওয়া গিয়েছে। সিডিউল প্রস্তুতের কাজ প্রক্রিয়াধীন। | চাহিদা অনুযায়ী দ্রুততর সময়ে ফটোকপি মেশিন, কম্পিউটার ও প্রিন্টার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ১১. | যাদের চাকুরী ২০/২৫ বছর হয়েছে তাদের সমস্কেলে পদ পরিবর্তন করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>৩০-০৫-২০২১ | পদ পরিবর্তন সংক্রান্ত নথি নম্বর-১৮.১৪.০১৫৮.১২৫.১৯.০০১.২০২০ এর অনুচ্ছেদ নং- ৩(১) এ তৎকালীন চেয়ারম্যান মহোদয় গত ২৫/০৩/২০২০ তারিখে বিষয়টি সংশ্লিষ্ট আইন/বিধি, নির্দেশনার আলোকে যাচাই-বাছাই করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে বোর্ড সভায় উপস্থাপনের জন্য নথি উপস্থাপন করা হলে চেয়ারম্যান মহোদয় গত ০৫/০৮/২০২১ তারিখে "আসন্ন নিয়োগ প্রক্রিয়াতে এই বিভাগ/পদ পরিবর্তন কোন প্রভাব ফেলিবে কিনা তা নিয়োগ বিধি পর্যালোচনা করত উত্থাপন করিতে হবে। বিষয় পরিচালক (প্রশাসন), চীফ ফাইনান্স ও চীফ অডিট নিরীক্ষা করতঃ মতামত দিন" মর্মে নির্দেশনা প্রদান করেছেন। | চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনামতে মতামত সম্বলিত প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবরে দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ১২. | মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত খালি জমির আদায়কৃত অর্থ এবং বকেয়া অর্থের বিবরণ প্রেরণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>৩০-০৫-২০২১ | ক) গত ৩০/০৫/২০২১ তারিখে মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মাষ্টার প্লান আপগ্রেড হওয়ার পূর্বে নতুন করে স্থায়ীভাবে জমি বরাদ্দ প্রদান কার্যক্রম স্থগিত রাখা হয়েছে।<br><br>খ) বকেয়া অর্থের তালিকা গত ০৬/০৬/২১ তারিখে অর্থ ও হিসাব বিভাগকে সরবরাহ করা হয়েছে। জুলাই ২০২১ পর্যন্ত আদায় ১,০২,৯৮,৯২২/- (এক কোটি দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত বাইশ) টাকা মাত্র। | ক) মাস্টার প্ল্যান চূড়ান্ত হওয়া পর্যন্ত স্থায়ীভাবে জমি বরাদ্দ স্থগিত রাখতে হবে।<br><br>খ) বকেয়া অর্থ আদায়ের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন)<br><br>ব্যবস্থাপক (প্রশাসন) |

নতুন এজেন্ডাঃ-

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | হারবার মাস্টারের নিকট হতে প্রাপ্ত এজেন্ডাঃ-<br>অগ্রিম গ্রহণ ও সমন্বয় সাধন সংক্রান্ত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৯-০৮-২০২১ | বন্দরে বিভিন্ন সময়ে সরকারের মন্ত্রী/সচিব মহোদয়সহ রাষ্ট্রীয় অতিথিদের আগমনসহ কর্তৃপক্ষের বিভিন্ন জরুরী কাজে (যেমন: বন্দর দিবস, অনুষ্ঠান আয়োজন, ক্রীড়া অনুষ্ঠান, সরকারি বিভিন্ন দিবস উদযাপন , কোভিড সংক্রান্ত জলযান ভাড়া ইত্যাদি) প্রচলিত নিয়ম অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে কর্তৃপক্ষের যে কোন কর্মকর্তার নামে অগ্রিম গ্রহণ করে কার্য সম্পাদনপূর্বক পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে উহা সমন্বয় করা হয়ে থাকে।<br>উল্লেখ্য, নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়সহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ মোংলায় আগমন উপলক্ষ্যে হিরণ পয়েন্টে গমনকরতঃ পাইলট রেষ্ট হাউজে অবস্থান করার সিদ্ধান্তের প্রেক্ষিতে পাইলট ষ্টেশনের রেস্ট হাউজে ভিভিআইপি/ ভিআইপি অবস্থানের উপযোগী করার নিমিত্তে প্রয়োজনীয় পর্দা, ফার্ণিচার ও আনুষঙ্গিক মালামাল ক্রয়ের সমন্বয়ের লক্ষে এক লক্ষ টাকার উর্ধ্বে কর্তৃপক্ষের সকল আর্থিক কার্যক্রম নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ কর্তৃক প্রাক নিরীক্ষার আওতায় আনার সিদ্ধান্তের প্রেক্ষিতে নথি নিরীক্ষা ও পরিদর্শন বিভাগে প্রেরণ করা হলে উক্ত নথিতে তারা কাজটি পিপিআর এর বিধি অনুযায়ী সম্পন্ন হয়নি দেখা যায় বলে উল্লেখ করেন।<br>সরকারী নিরীক্ষা কর্তৃক এ ধরণের কাজে এ পর্যন্ত কয়টি অডিট আপত্তি উত্থাপন হয়েছে বিষয়টি জেনে ভবিষ্যতে বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে অগ্রিম গ্রহনের বিষয়ে মাসিক সমন্বয় সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যক। এ বিষয়ে অর্থ ও হিসাব বিভাগ এবং নিরীক্ষা বিভাগের মতামত গ্রহণ করা যেতে পারে। উল্লেখ্য যে, সভার সভাপতি মহোদয় বলেন যে, কাজ করতে হলে অগ্রিম গ্রহণ করতে হবে এবং আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গৃহীত অগ্রিম যথাসময়ে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান অর্থ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ২. | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত এজেন্ডাঃ-<br>মেরিন বিভাগের জলযানের Spare Parts ক্রয় সংক্রান্ত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৯-০৮-২০২১ | বেশিরভাগ সময় মেরিন বিভাগের কিছু জলযানের জন্য Spare Parts ক্রয়ের প্রয়োজন পড়ে। সেক্ষেত্রে সরবরাহ ও সংযোজন মর্মে উল্লেখ করে নথিতে অনুমোদন গ্রহন করা হয়। ফলে এ Spare Parts গুলি গুনগতমান ও পরিমান নির্ধারণের কমিটি কর্তৃক যাচাই না হয়ে সরাসরি সংশ্লিষ্ট জলযানে সংযোজন করা হয়। এক্ষেত্রে গুনগত মান যাচাইয়ের সুযোগ থাকলে Spare Parts সংযোজনে আরো স্বচ্ছতা অর্জন করা সম্ভব হবে এবং মবক কর্তৃক সংযোজনের জন্য বাড়তি টাকা পরিশোধ করতে হবে না। এ বিষয়ে প্রধান প্রকৌশলী (মেরিন) জানান যে, গঠিত কমিটি কর্তৃক Spare Parts গুলি কোয়ালিটি যাচাই করে সংযোজন করা হচ্ছে। | প্রচলিত পদ্ধতি ও বিধি অনুসরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (মেরিন) ও প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৩. | নৌ প্রকৌশল বিভাগের যে সমস্ত জলযান ডকইয়ার্ড/শিপ ইয়ার্ডে মেরামত ও নির্মান করা হয় সেগুলোর পরিদর্শনের জন্য কমিটি গঠন সংক্রান্ত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৯-০৮-২০২১ | নৌ প্রকৌশল বিভাগের যে সমস্ত জলযান ডকইয়ার্ড/শিপ ইয়ার্ডে মেরামত ও নির্মাণ করা হয় সেগুলোর গুনগতমান যাচাই ও কাজের অগ্রগতি জানার জন্য মবক কর্তৃক একটি কমিটি সরেজমিনে গমন করে মেরামত/নির্মাণ কাজ পরিদর্শন করেন। বিগত প্রায় ১০/১৫ বছর যাবত উক্ত পরিদর্শন কার্যক্রমে সংশ্লিষ্ট বিভাগ শুধুমাত্র নিরীক্ষা ও পরিদর্শন বিভাগের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করা হচ্ছে। পরিদর্শন কার্যক্রমে নিরীক্ষা বিভাগের সাথে অন্য যে কোন বিভাগের প্রতিনিধি রাখার বিষয়ে আলোচনা হয়। প্রধান প্রকৌশলী (মেরিন) জানান যে, পরবর্তীতে সরেজমিনে পরিদর্শন কমিটিতে অন্য বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা হবে। | সরেজমিন পরিদর্শন কমিটিতে নিরীক্ষা বিভাগ ছাড়াও অন্য বিভাগের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী (মেরিন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪. | হারবার বিভাগের অধিকালভাতা পরিশোধ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯-০৮-২০২১ | হারবার বিভাগের যাদেরকে নির্ধারিত অধিকাল ভাতা দেয়া হয় ত ন্মোধ্য যাদেরকে কর্মকর্তা হিসাবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে, সে সকল কর্মচারীদের কর্মকর্তার অতিরিক্ত দায়িত্বের পরিবর্তে চলতি দায়িত্ব প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে অধিকাল ভাতা বাবদ অতিরিক্ত টাকা মবক'কে পরিশোধ করতে হবে না। ফলে কর্তৃপক্ষের আর্থিক সাশ্রয় হবে। দ্বিতীয়ত, ওয়্যারলেস অপারেটরদের প্রত্যেককে ৫০ ঘন্টা হিসেবে অধিকাল ভাতা প্রদানের বিষয়ের উপর হারবার মাষ্টার মতামত ব্যক্ত করেন। সদস্য (হারবার ও মেরিন) সভায় অবহিত করেন যে, খুলনায় কর্মরত ০৩ (তিন) জন ওয়্যারলেস অপারেটরকে মোংলায় স্থানান্তর করলে সাপ্তাহিক ছুটিকালীন সময়ে তাদের দিয়ে কাজ করালে ওভারটাইম কমানো সম্ভব হবে। | খুলনায় কর্মরত ০৩ (তিন) জন ওয়্যারলেস অপারেটরকে দ্রুত মোংলায় স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সাপ্তাহিক ছুটিকালীন সময়ে তাদের দিয়ে কাজ করিয়ে ওভারটাইম কমাতে হবে। | হারবার মাস্টার |
| ৫. | অকেজো/অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা গাড়ি নিলাম।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯-০৮-২০২১ | প্রশাসন বিভাগের কার নং-০৯ এবং ০১০ এ দু'টি গাড়ি দীর্ঘ প্রায় দেড় বছরের অধিক সময়ে অকেজো/অব্যবহৃত অবস্থায় পড়ে আছে, যা নিলামযোগ্য। সময়মত নিলাম করা গেলে কর্তৃপক্ষ আর্থিকভাবে লাভবান হতো এবং নতুন গাড়ি ক্রয়ের কাজটি সহজ হবে। ফলে উক্ত গাড়ি দু'টি নিলাম করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | বর্ণিত গাড়ী ০২ (দুই)টি দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ) |
| ৬. | মবক এর বরাদ্দকৃত জমির নাম পরিবর্তন ও মালিকানা পরিবর্তন সংক্রান্ত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯-০৮-২০২১ | ক) মোংলা বন্দর কর্তৃপক্ষের জমি বরাদ্দ দেয়ার পরে ঐ জমির নাম পরিবর্তন, মালিকানা পরিবর্তন এবং উক্ত জমি পুনরায় অন্য লোককে বরাদ্দ দেয়ার কাজটি প্রশাসন বিভাগ কর্তৃক এককভাবে সম্পাদিত হয়ে আসছে। এক্ষেত্রে বিষয়টি ভূমি বাছাই কমিটির সকল সদস্যকে অবহিত রেখে উক্ত কমিটির মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা ব্যবস্থাপনার দৃষ্টি আকর্ষণ করেন। পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, বিদ্যমান নীতিমালা/কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে জমি বরাদ্দ, নাম পরিবর্তন ও পুনঃবরাদ্দ প্রদানের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রশাসন বিভাগ এককভাব এ কাজগুলো করে না।<br><br>খ) পুরাতন মোংলায় মবক'র মোট জমির মধ্যে কোন কোন প্রতিষ্ঠান/ব্যক্তির নামে বরাদ্দ দেয়া হয়েছে তাদের পূর্ণাঙ্গ নাম, ঠিকানাসহ তালিকা ও উদ্বৃত্ত জমির পরিমাণের তথ্যাদি অর্থ ও হিসাব বিভাগে প্রেরণের জন্য প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা অনুরোধ করেন। | ক) ভূমি বরাদ্দ নীতিমালা, বোর্ড সভা ও মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে জমির লিজ গ্রহীতা পরিবর্তন, মালিকানা পরিবর্তন ও পুনঃবরাদ্দ প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>খ) দ্রুত তালিকা প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন
চেয়ারম্যান

স্মারক নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০-

৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। বিভাগ/কোষ প্রধান:

............................................................ মবক, মোংলা।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

০৫/০৯/২০২১

মোঃ শাহীনুর আলম
উপসচিব
পরিচালক (প্রশাসন)